শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# রংপুর সিটি কর্পোরেশন

রংপুর

www.rpcc.gov.bd

**বিষয়ঃ করোনা ভাইরাস প্রতিরোধে রংপুর সিটি কর্পোরেশন এলাকায় ত্রান বিতরণের তথ্য**

| তারিখ | ত্রান বিতরণের পরিমান | উপকারভোগীর সংখ্যা | ত্রানের উৎস | কে কে উপস্থিত ছিলেন |
|---|---|---|---|---|
| ২৮/০৪/২০২০ | ৩৬.০০ মেট্রিক টন | ৩৬০০ জন | জেলা প্রশাসকের কার্যালয়,রংপুর। | মাননীয় মেয়র এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর |

মোঃ রুহুল আমিন মিঞা
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ফোনঃ ০৫২১-৬৪৯৪২
ফ্যাক্সঃ ০৫২১-৫৫৯৭০
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
নগর ভবন
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধের লক্ষ্যে **২৭-০৪-২০২০** খ্রি. তারিখে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক সম্পাদিত কাজের বিবরণ :

| ক্রমিক | কাজের বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | ১. জেলা প্রশাসকের কার্যালয়ের দূর্যোগ ব্যবস্থাপনা শাখার স্মারক নং-০৫.৪২.১৫০০.২১১.৯৬.০০৬.১৯(অংশ-২)-২৬২ তারিখ:২০/০৪/২০২০ খ্রি. ও ০৫.৪২.১৫০০.২১১.৯৬.০০৬.১৯(অংশ-২)-২৬৮ তারিখ:২৩/০৪/২০২০ খ্রি. মূলে যথাক্রমে প্রাপ্ত ১০০ মেট্রিক টন চাল ও ৪ লক্ষ ৩০ হাজার টাকা এবং ১০০ মেট্রিক টন চাল ও ৩ লক্ষ ৩০ হাজার টাকা সর্বমোট ২০০ মেট্রিক টন চাল ৭ লক্ষ ৬০ হাজার টাকা হতে ৫৫ জন সম্মানিত কাউন্সিলর (সাধারণ ও সংরক্ষিত)-এর নিকট **(প্রতি প্যাকেটে ৫ কেজি চাল ও ১ কেজি আলু)** হিসেবে মোট **৪০,০০০ প্যাকেট** (৫৫ জন সম্মানিত কাউন্সিলরের মধ্যে ৪০ জনের নিকট ৭২৭ প্যাকেট করে ২৯০৮০ প্যাকেট এবং ১৫ জনের নিকট ৭২৮ প্যাকেট করে ১০৯২০ প্যাকেট) স্ব স্ব ওয়ার্ডে বিতরণের নিমিত্তে হস্তান্তর হয়েছে। তন্মধ্যে **১০১৭৮ প্যাকেট ২৬ এপ্রিল ২০২০ খ্রি,, ৫,৮১৬ প্যাকেট ২৫ এপ্রিল ২০২০ খ্রি,** এবং **১০,৯০৫ প্যাকেট ২৪ এপ্রিল ২০২০ খ্রি,** তারিখে হস্তান্তর করা হয়েছে। উল্লেখ্য যে, ২৫-০৩-২০২০ খ্রি. হতে ২৩-০৪-২০২০ খ্রি. পর্যন্ত বরাদ্দ প্রাপ্ত **৮৯০ মেট্রিক টন চাল** ও **নগদ ২৮,৪০,০০০/- টাকা ১ লক্ষ ৭৮হাজার** পরিবারে খাদ্য সহায়তা এবং **১৬৭০ টি** পরিবারে শিশু খাদ্য সহায়তা হিসেবে বিতরণ করা হয়েছে। এছাড়াও সরকারিভাবে বরাদ্দের সাথে **১ লক্ষ ৭৮হাজার** পরিবারের মধ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে ৬০ হাজার কেজি আলু এবং ৪ হাজার ১০০ কেজি ডাল বিতরণ করা হয়েছে।<br>২. মাননীয় মেয়রের ব্যক্তিগত তহবিল হতে<br>ক) বাংলাদেশ আওয়ামী লীগের **১, ২ ও ৩ নং ওয়ার্ডের তৃণমূল নেতা-কর্মীদের** পরিবারের মাঝে প্রতি পরিবারে **৭ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি মশুর ডাল, ১ কেজি ছোলা, ১ লিটার সয়াবিন তেল এবং ৫০০ গ্রাম লবণ** হিসেবে মোট **৪৫০ পরিবারে** খাদ্য সহায়তা প্রদান করেন।<br>খ) প্রতি পরিবারে পরিবারে **৫ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ডাল এবং ৫০০ গ্রাম লবণ** হিসেবে নগরের মোট **১৫১ টি** হতদরিদ্র ও মধ্যবিত্ত পরিবারে খাদ্য সহায়তা প্রদান করেন। এছাড়াও<br>গ) নগরের **হতদরিদ্রের** মাঝে নগদ **২ লক্ষ টাকা** অর্থ সহায়তা প্রদান করেন।<br>উল্লেখ্য যে, মাননীয় মেয়র ব্যক্তিগত তহবিল হতে ইতোমধ্যে **১৭৭০৫** টি হতদরিদ্র ও মধ্যবিত্ত (তন্মেধ্যে ২৫০ টি বীর মুক্তিযোদ্ধা, ১৮০ টি প্রতিবন্ধি, ৭৫৬ টি বন্দর শ্রমিক, ৫৫০টি চসিকের গাড়ী চালক এবং ৯০০ টি বাংলাদেশ আওয়ামী লীগের তৃনমূল নেতাকর্মীর পরিবার রয়েছে) পরিবারে খাদ্য সহায়তা এবং নগদ **প্রায় ৪৯ লক্ষ** টাকা অর্থ সহায়তা প্রদান করেন।<br>৩. ১৪ নং লালখান বাজার ওয়ার্ড-এর সম্মানিত কাউন্সিলর জনাব আবুল ফজল কবির আহমদ (মানিক) ব্যক্তিগত তহবিল হতে প্রতি পরিবারে ৩ কেজি চাল, ১ কেজি ছোলা, ৫০০ গ্রাম তেল, ৫০০ গ্রাম ডাল এবং ৬ টি ডিম হিসেবে মোট ৭৫ টি পরিবারকে খাদ্য প্রদান করেন।<br>৪. সংরক্ষিত ওয়ার্ড-৪ (ওয়ার্ড নং ৯, ১০,১৩)-এর সম্মানিত কাউন্সিলর আবিদা আজাদ ব্যক্তিগত তহবিল হতে প্রতি পরিবারে ৫ কেজি চাল, ২ কেজি আলু, ১ কেজি ছোলা, ১ লিটার সয়াবিন তেল এবং ১ কেজি লবন হিসেবে মোট ৫ টি পরিবারকে খাদ্য ও ২০০০ টাকা অর্থ সহায়তা প্রদান করেন। | |
| ০২ | নগর জুড়ে জীবানুনাশক পানি ছিটানো অব্যাহত রয়েছে। | |
| ০৩ | কাঁচা বাজারসমূহে ক্রেতা সাধারণের সাবান দিয়ে হাত ধুয়ে প্রবেশ ও প্রস্থান নিশ্চিতকরণ। | |
| ০৪ | পূর্ব নির্ধারিত ৬৮৪ টি হ্যান্ড ওয়াশ পয়েন্টে ৬০ লি ধারণক্ষমতার পানির ট্যাংক, ২৫ লিটার ধারণক্ষমতা সম্পন্ন বালতি এবং সাবান দিয়ে হাত ধোঁয়া ব্যবস্থা অব্যাহত রয়েছে। | |
| ০৫ | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হটলাইন নং ০১৮১৭৮৯৭০১৯-এ ফোন করে ০২ জন ব্যক্তি করোনা বিষয়ে তথ্য সেবা গ্রহণ করেছেন। এছাড়াও চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত হাসপাতাল/ স্বাস্থ্যকেন্দ্রসমূহের বর্হিবিভাগ হতে স্বাস্থ্য সেবা গ্রহণ করেছেন ৪৩৬ জন এবং আন্তবিভাগে মাতৃত্ব সর্ম্পকিত সেবা গ্রহণ করেছেন ২৬ জন। | |
| ০৬ | চসিক পরিচালিত জেনারেল হাসপাতালের হটলাইন (০৩১-৬৩৪৫৮৪) নম্বর এবং কল সেন্টার (১৬১০৪)- এর মাধ্যমে করোনা বিষয়ক তথ্য সেবা প্রদান অব্যাহত রয়েছে। | |

সচিব
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

# কুমিল্লা সিটি কর্পোরেশন

কুমিল্লা

www.cocc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ফোন: ০৮১-৭৬০৯৯

ফ্যাক্স: ০৮১-৬২৮০০


## স্থানীয় সরকার বিভাগের ২৭ মার্চ ২০২০খ্রি: তারিখের ই-মেইল এর পরিপ্রেক্ষিতে প্রতিদিন করোনা ভাইরাস প্রতিরোধে কুমিল্লা সিটি কর্পোরেশনে চলমান কার্যক্রমের তথ্য প্রদান

**তারিখ: ২৭ এপ্রিল (সোমবার) ২০২০**

| ক্রমিক | কার্যক্রম |
|---|---|
| ১. | নগর ভবন থেকে করোনাভাইরাস প্রতিরোধে সিটি কর্পোরেশন এলাকায় কর্মহীন হয়ে পড়া হতদরিদ্র(যারা দৈনিক আয়ের ভিত্তিতে সংসার চালায়); যে সকল কর্মহীন অসহায় ব্যক্তিবর্গ ত্রাণ সহায়তা গ্রহণের ক্ষেত্রে জনসম্মুখে উপস্থিত হতে সামাজিকভাবে লজ্জাবোধ করেন তাদেরকে মানবিক সহায়তা বাবদ ত্রানসামগ্রী বিতরণ করা হচ্ছে। |
| ২. | মুজিববর্ষ ২০২০ উদযাপন উপলক্ষে সিটি কর্পোরেশন কর্তৃক স্থাপিত **Count down** ইউনিট ও এলইডি ডিসপ্লেস্ক্রীনের মাধ্যমে করোনা ভাইরাস প্রতিরোধে সাধারণের মধ্যে সার্বক্ষণিকভাবে জনসচেতনতামূলক ভিডিউক্লিপ ও বার্তাসমূহ প্রচার করা হচ্ছে। |
| ৩. | করোনা ভাইরাস প্রতিরোধে সাধারণ্যের মধ্যে জনসচেতনতামূলক প্রচারাভিযান চলমান আছে। বিশেষকরে নগরীর কেন্দ্রবিন্দু কান্দিরপাড় পূবালী চত্বরে স্থাপিত এলইডি টিভিতে সিটি কর্পোরেশন কর্তৃক জনসচেতনতামূলক বার্তা প্রচার করা হচ্ছে। |
| ৪. | সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে করোনা ভাইরাস প্রতিরোধে কর্মহীন হয়ে পড়া হতদরিদ্রদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ কার্যক্রম চলছে। এ কাজে ওয়ার্ড ভিত্তিক ১৮জন ট্যাগ অফিসার নিয়োগ করা হয়েছে। |
| ৫. | জেলা প্রশাসন, কুমিল্লা থেকে গণবিজ্ঞপ্তি জারী করে এ জেলাকে সম্পূর্ণভাবে লকডাউন(অবরুদ্ধ) ঘোষণা করা হয়েছে। এটি কার্যকর করার জন্য কাউন্সিলরগণ কর্তৃক স্থানীয় প্রশাসনকে সহযোগিতা প্রদানসহ মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে। |
| ৬. | সিটি কর্পোরেশনের বিভিন্ন স্থানে সেনাবাহিনী কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান স্বাস্থ্য সেবা কেন্দ্রে স্থানীয় কাউন্সিলরগণ উপস্থিত থেকে এ কাজে সহযোগিতা করছেন। |
| ৭. | সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ ও এর আওতাধীন ইউপিএইচসিএসডিপি প্রকল্প কর্তৃক স্থানীয় সিভিল সার্জন কার্যালয়ের সাথে সমন্বয় করে সিটি কর্পোরেশন এলাকায় করোনাভাইরাসে আক্রান্ত সন্দেহভাজন রোগীদের নমুনা সংগ্রহ কার্যক্রম অব্যাহত আছে। |
| ৮. | সিটি কর্পোরেশন কর্তৃক দু'টি ওয়াটার ট্যাংকের(তিন হাজার লিটারের)মাধ্যমে ব্লিচিং পাউডার মিশ্রিত জীবাণুনাশক পানি নগরীর প্রধান প্রধান সড়কে নিয়মিত ছিটানো অব্যাহত আছে। এর বাইরেও বিভিন্ন ওয়ার্ডে কাউন্সিলরগণ স্ব স্ব ব্যবস্থাপনায় মহল্লার অলি-গলিতে ব্লিচিং পাউডার মিশ্রিত জীবাণুনাশক পানি ছিটানো ব্যবস্থা গ্রহণ করছেন। এছাড়া ম্যানুয়েল স্প্রে মেশিনের মাধ্যমেও জীবাণুনাশক ও মশক নির্ধন ওষুধ ছিটানো কার্যক্রম চলমান আছে। |
| ৯. | সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে কাউন্সিলরগণের মাধ্যমে নাগরিকদের মধ্যে জীবাণুনাশক ও সুরক্ষা সামগ্রী (ব্লিচিং পাউডার, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান ইত্যাদি) বিতরণ কার্যক্রম চলমান আছে। |
| ১০. | সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডে কাউন্সিলরগণ কর্মহীন হয়ে পড়া হতদরিদ্রদের মাঝে সরকারি বরাদ্দের পাশাপাশি নিজস্ব উদ্যোগে নিত্যপ্রয়োজনীয় খাদ্য সামগ্রী(ডাল, সবজি ইত্যাদি) বিতরণ করছেন। |
| ১১. | সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে পরিচ্ছন্নতা ও ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রম আরো বৃদ্ধি করা হয়েছে। ফগার মেশিন দিয়ে মশক নিধন ওষুধ স্প্রে করা হচেছ। |
| ১২. | সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে পরিচ্ছন্নতা ও ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কার্যক্রম আরো বৃদ্ধি করা হয়েছে। ফগার মেশিন দিয়ে মশক নিধন ওষুধ স্প্রে করা হচেছ। |
| ১৩. | সিটি কর্পোরেশনের বিদ্যুৎ ও পানি সরবরাহ বিভাগ কর্তৃক নিরবচ্ছিন্নভাবে জরুরি সেবা প্রদান অব্যাহত আছে। |
| ১৪. | সিটি কর্পোরেশন এলাকায় জেলা প্রাণিসম্পদ বিভাগের তত্ত্বাবধানে ও কুমিল্লা ডেইরী এবং পোল্ট্রি এসোসিয়েশনের পরিচালনায় ভ্রাম্যমান দুধ বিক্রয় কেন্দ্রে দুধের গুণগত মান পরীক্ষার্থে পরীক্ষাকরণ টিম-এ সিটি কর্পোরেশনের স্যানিটারি ইন্সপেক্টর কাজ করছেন। |

২৭/০৪/২০২০

মো: আবু সায়েম ভূঁইয়া
সচিব(ভারপ্রাপ্ত)
কুমিল্লা সিটি কর্পোরেশন

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
**প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।**
**www.dncc.gov.bd**

**শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি**

## কোভিড-১৯ পরিস্থিতি নিয়ে প্রাত্যহিক প্রতিবেদনঃ

সিটি কর্পোরেশনের নামঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন জেলাঃ ঢাকা।

তারিখঃ ২৮-০৪-২০২০ খ্রিঃ

### ১. কোভিড-১৯ পরিস্থিতি

| ক্রমিক নং | | পূর্বদিন পর্যন্ত সংখ্যা | বর্তমান তারিখে সংখ্যা | মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | আক্রান্ত | | | | |
| ২. | বাড়িতে কোয়ারেন্টাইন | ৬২৪৬ | ৩০৬ | ৬৫৫২ | অধিকাংশ বিদেশ ফেরত ব্যক্তিদের কোয়ারেন্টাইনের মেয়াদ শেষ হয়েছে এবং লক ডাউনের কারণে সকলে বাসায় অবস্থান করছেন। |
| ৩. | প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন | ০ | ০ | ০ | |
| ৪. | আইসোলেসন | ১৪ | ০ | ১৪ | |
| ৫. | কোয়ারেন্টাইন/আইসোলেসন থেকে ছাড়প্রাপ্ত | ১২ | ০ | ১২ | |
| ৬. | আরোগ্যলাভকারী | ৪ | ০ | ৪ | |
| ৭. | মৃত্যুবরণকারী | ৩ | ০ | ৩ | |
| ৮. | ১ মার্চ ২০২০ থেকে বিদেশ প্রত্যাগত | ২৪৯২ | - | ২৪৯২ | |
| ৯. | ঠিকানা ও অবস্থান চিহ্নিত বিদেশ প্রত্যাগত ব্যক্তি | ৫১১৪ | ৩২১ | ৫৪৩৫ | |

### ২. কোভিড-১৯ চিকিৎসায় জেলার প্রস্তুতি

| ক্রমিক নং | চিকিৎসা কেন্দ্র | সংখ্যা | মোট বেড | কোভিড ১৯ চিকিৎসায় প্রস্তুতকৃত বেড | ডাক্তারের সংখ্যা | নার্সের সংখ্যা | ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই) | | জরুরী ঔষদ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | মজুদ | বিতরণ | মজুদ | বিতরণ | |
| ১. | সরকারি | | | | | | | | | | |
| ২. | বেসরকারি | | | | | | | | | | |

### ৩. কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির জরুরি চিকিৎসায় স্থানান্তরের নিমিত্ত পৃথক এ্যাম্বুলেন্সের সংখ্যাঃ

### ৪. চিকিৎসা কেন্দ্রের জরুরি বিভাগে আইসোলেসন ব্যবস্থাঃ

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
**প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।**
**www.dncc.gov.bd**

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

৫. জেলার সরকারি সহায়তা পরিস্থিতিঃ

| | ডিএনসিসি কর্তৃক বিতরণ | | কাউন্সিলর কর্তৃক ব্যক্তিগত উদ্যোগে বিতরণ | | সরকারী/জেলা প্রশাসন হতে প্রাপ্ত বরাদ্দ বিতরণ | | অন্যদের উদ্যোগে ত্রাণ বিতরণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পরিবারের সংখ্যা | পরিমান | পরিবারের সংখ্যা | পরিমান | পরিবারের সংখ্যা | পরিমান | পরিবারের সংখ্যা | পরিমান | |
| আজকের মোট | | | | | | | | | |
| গতকালের মোট | | | | | | | | | **গতকাল পর্যন্ত অঞ্চলের সর্বমোট** |
| **সর্বমোট** | | | | | | | | | |

**বিঃ দ্রঃ নবনির্বাচিত মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম এর ব্যক্তিগত উদ্যোগে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলর এবং অন্যান্য ব্যক্তিবর্গের মাধ্যমে ২৮০০০ (আটাশ হাজার) পরিবারের মাঝে ত্রাণ বিতরণ করা হয়েছে।**

৬. পিপিই ও মাস্ক মজুদ ও বিতরণ সংক্রান্ত তথ্যাদিঃ

| ক্রমিক নং | জেলার নাম | ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই) | | মাস্ক | | গ্লাভস | | গামবুট | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | মজুদ | বিতরণ | মজুদ | বিতরণ | মজুদ | বিতরণ | মজুদ | বিতরণ | |
| | মোট | - | ৫০০০ | - | ৮০০০ | - | ৫০০০ জোড়া | - | ১০০০ জোড়া | |

স্বাক্ষরিত/-
**ডাঃ মোঃ ইমদাদুল হক**
স্বাস্থ্য কর্মকর্তা ও ফোকাল পার্সন
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

www.dncc.gov.bd

# এক নজরে করোনা ভাইরাস মোকাবেলায় গৃহীত বিভিন্ন কার্যক্রম
# (২৮ এপ্রিল ২০২০, মঙ্গলবার পর্যন্ত)

## তরল জীবাণুনাশক স্প্রে

- ❖ আজ ২৮ এপ্রিল পর্যন্ত ১০টি ওয়াটার বাউজারের (পানির গাড়ি) সাহায্যে মোট ৫৯৪ বার ব্লিচিং পাউডার মিশ্রিত জীবাণুনাশক তরল ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার প্রধান প্রধান সড়ক, ফুটপাত, ফুটওভারব্রিজ, কোয়ারেন্টাইন্ড এলাকা, গুরুত্বপূর্ণ হাসপাতাল ও উন্মুক্ত স্থানে ছিটানো হয়।
- ❖ এ পর্যন্ত মোট ৫৩ লক্ষ ৪ হাজার লিটার তরল জীবাণুনাশক প্রায় ৭ কোটি ৯৬ লক্ষ বর্গফুট এলাকায় ছিটানো হয়।
- ❖ প্রতিটি ওয়ার্ডের অলি-গলিতে, বস্তিতে, মসজিদের সামনে, হ্যান্ড স্প্রে ও হুইলব্যারো মেশিনের সাহায্যে তরল জীবাণুনাশক স্প্রে করা হচ্ছে।
- ❖ মহাখালী ও গাবতলী টার্মিনালে আন্তঃজেলা বাসগুলোতে জীবাণুনাশক স্প্রে করা হয়।
- ❖ আজ ২৮ এপ্রিল ১০টি ওয়াটার বাউজারের সাহায্যে মোট ১৭ বার ব্লিচিং পাউডার মিশ্রিত জীবাণুনাশক তরল ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার প্রধান প্রধান সড়ক, ফুটপাত, ফুটওভারব্রিজ, কোয়ারেন্টাইন্ড এলাকা, গুরুত্বপূর্ণ হাসপাতাল ও উন্মুক্ত স্থানে ছিটানো হয়। আজ মোট ১লক্ষ ৪৪ হাজার লিটার তরল জীবাণুনাশক প্রায় ২২ লক্ষ বর্গফুট এলাকায় ছিটানো হয়।

## পরিচ্ছন্নতা কার্যক্রমঃ

- ❖ প্রতিটি ওয়ার্ডকে ৭ ভাগে ভাগ করে ৭দিনে পুরো ওয়ার্ড পরিচ্ছন্ন করার কাজ চলছে। ২য় শিফটের কাজ আবার ১৮ এপ্রিল থেকে শুরু হয়ে ২৪ এপ্রিল শেষ হয়েছে।
- ❖ বিশেষ ড্রেন পরিচ্ছন্নতা কার্যক্রম চলছে। প্রতি ওয়ার্ডে ১২ জন করে ক্লিনার নিয়োজিত আছে।
- ❖ ডিএনসিসির আওতাধীন সকল সরকারী হাসপাতাল পরিচ্ছন্নতার আওতায় আনা হচ্ছে।

## হাত ধোয়া কার্যক্রম

- ❖ বিভিন্ন জনসমাগমস্থলে এবং শতাধিক স্থানে হাত ধোয়ার জন্য সাবান, পানি ও বেসিন এর ব্যবস্থা করা হয়েছে।
- ❖ ডিএনসিসির অধীনে LIPUC Project (প্রান্তিক জনগণের জীবনমান উন্নয়ন প্রকল্প) ইউএনডিপি এর সহায়তায় কড়াইল, ভাষানটেক, বাউনিয়াবাধ ও ধামালকোট বস্তির মোট ২৩০টি স্থানে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে।

## ব্লিচিং পাউডার, হ্যান্ড স্যানিটাইজার ও সাবান বিতরণ

- ❖ দরিদ্র ও স্বল্প আয়ের লোকজনের মধ্যে বিনামূল্যে বিতরণ (কাউন্সিলরদের মাধ্যমে)
  - ✓ ৩ হাজার ১৫০ কেজি ব্লিচিং পাউডার;
  - ✓ ৪০ হাজার পিস সাবান;
  - ✓ ২৫০ লিটার হ্যান্ড স্যানিটাইজার
- ❖ ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে
  - ✓ ব্লিচিং পাউডার ৬০ টন;
  - ✓ হাত ধোয়া সাবান ৪৪ হাজার পিস;
  - ✓ হ্যান্ড সেনিটাইজার ৫০ লিটার
- ❖ বস্তি এলাকায় LIPUC Project (প্রান্তিক জনগণের জীবনমান উন্নয়ন প্রকল্প) ইউএনডিপি কর্তৃক ২ লক্ষ ৫০ হাজার সাবান বিতরণ করা হয়েছে।

## জনসচেতনতামূলক কার্যক্রম

- ❖ করোনা ভাইরাস সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য প্রতিটি ওয়ার্ডে মাইকিং করা হয়েছে। মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের মাইকের মাধ্যমেও জনসাধারণকে ঘরে অবস্থান করার আহ্বান জানানো হচ্ছে।
- ❖ জাতীয় দৈনিক পত্রিকাসমূহে করোনা ভাইরাস প্রতিরোধ সম্পর্কিত সচেতনতামূলক বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে।
- ❖ করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডিএনসিসির সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণা অব্যাহত আছে।
- ❖ বিভিন্ন স্থানে সচেতনতামূলক ৫০ হাজার স্টিকার লাগানো হয়েছে।
- ❖ করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের শুরুতে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে করোনা ভাইরাস সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করা হয়।

- ❖ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে স্থাপিত ক্ষণগণনাযন্ত্রে করোনা ভাইরাস সম্পর্কিত জনসচেতনতামূলক ভিডিও প্রচার করা হচ্ছে।
- ❖ ডিএনসিসি এলাকায় স্থাপিত অন্যান্য এলইডি স্ক্রিনের মাধ্যমে করোনা ভাইরাস সম্পর্কিত জনসচেতনতামূলক বার্তা ও ভিডিও প্রচার করা হচ্ছে।

## করোনা সংক্রান্ত হটলাইন, তথ্য ও পরামর্শ সেবা কেন্দ্র

- ❖ ডিএনসিসির নগর ভবনে একটি সার্বক্ষণিক নিয়ন্ত্রণ কক্ষ চালু করা হয়েছে।
- ❖ অসহায় ও দুঃস্থ মানুষের কাছে ত্রাণ সহায়তা প্রেরণের জন্য ২টি হটলাইন চালু করা হয়েছে।
- ❖ এছাড়া ৫টি অঞ্চলে করোনা ভাইরাস সংক্রান্ত চিকিৎসা-তথ্য ও পরামর্শ সেবা চালু করা হয়েছে। নগরবাসী এসব সেবাকেন্দ্রে ফোন করে করোনাভাইরাস সংক্রান্ত চিকিৎসা তথ্য ও পরামর্শ নিতে পারবেন। নিয়ন্ত্রণ কক্ষ এবং চিকিৎসা-তথ্য ও সেবা কেন্দ্রগুলো ২৪×৭ খোলা আছে।

## অসহায়, দুস্থ ও ছিন্নমূল মানুষদেরকে খাদ্যদ্রব্য বিতরণ

- ❖ ডিএনসিসি, ওয়ার্ড কাউন্সিলরগণ এবং অন্যান্যের উদ্যোগে আজ ২৮ এপ্রিল পর্যন্ত মোট ১ লক্ষ ৮৮ হাজার ১৪৬টি অসহায় ও দুঃস্থ পরিবারের মধ্যে খাদ্যদ্রব্য বিতরণ করা হয়।
- ❖ বিভিন্ন বস্তিতেও রান্না করা খাবার বিতরণ করা হয়।
- ❖ এছাড়া নবনির্বাচিত মেয়র জনাব আতিকুল ইসলামের উদ্যোগে এ পর্যন্ত মোট ২৮ হাজার পরিবারের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ করা হয়।
- ❖ আজ ২৮ এপ্রিল ডিএনসিসি, বিভিন্ন ওয়ার্ড কাউন্সিলর এবং অন্যদের ব্যক্তিগত উদ্যোগে ৫ হাজার ৭৯০টি পরিবারকে ত্রাণসামগ্রী বিতরণ করা হয়।

## পরিচ্ছন্নতাকর্মী ও মশক কর্মীদের সুরক্ষা-সামগ্রী প্রদান

- ❖ পরিচ্ছন্নতাকর্মী ও মশককর্মীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য বিতরণ
  - ✓ ১ হাজার জোড়া গামবুট;
  - ✓ ৫ হাজার জোড়া উন্নত মানের লম্বা গ্লাভস;
  - ✓ ৮ হাজার মাস্ক;
  - ✓ ৫ হাজার স্মার্ট জ্যাকেট (স্বাস্থ্যকর্মী ও হাসপাতালসমূহের বর্জ্য ব্যবস্থাপনা কাজে নিয়োজিত পরিচ্ছন্নতাকর্মীদের জন্য)।

## সামাজিক দূরত্ব (Social Distancing) নিশ্চিতকরণ

- ❖ সরকারের নির্দেশনা মতে জনগণকে ঘরে অবস্থান ও সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য ডিএনসিসি, বাংলাদেশ সেনাবাহিনী ও পুলিশ বাহিনীর সদস্যরা সমন্বিতভাবে সমগ্র এলাকায় টহল।
- ❖ একান্ত জরুরি প্রয়োজন ব্যতিত ঘরের বাইরে না যাওয়ার জন্য এলাকায় ব্যাপক মাইকিং এবং টহল।
- ❖ মসজিদে আজান দেওয়ার পরে জনগণকে বাড়িতে নামাজ পড়ার অনুরোধ করা হয়।

## মহাখালী ডিএনসিসি মার্কেট করোনা আক্রান্ত রোগীদের জন্য হস্তান্তর

- ❖ স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুরোধক্রমে মহাখালী ডিএনসিসি মার্কেটকে করোনা ভাইরাসে আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য সাময়িকভাবে হস্তান্তর করা করা হয়েছে।

## সঙ্গানিরোধ (Quarantine) নিশ্চিতকরণ

- ❖ বিদেশ থেকে আগত যাত্রী যারা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতায় কোয়ারেন্টাইন্ড অবস্থায় আছেন তাদের জিআইএস ম্যাপিং করা হয় এবং হটস্পট চিহ্নিত করা হয়।
- ❖ করোনা ভাইরাসের গণসংক্রমণ রোধে বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের সঙ্গানিরোধ (Quarantine) নিশ্চিত করার জন্য প্রত্যেক ওয়ার্ডে ওয়ার্ড কাউন্সিলরের নেতৃত্বে কমিটি গঠন করা হয়েছে।
- ❖ ওয়ার্ড কাউন্সিলর, ডিএনসিসির কর্মকর্তা, সেনাবাহিনী ও পুলিশ সদস্যগণ সমন্বিতভাবে বাড়ি-বাড়ি গিয়ে হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করছেন।
- ❖ করোনা ভাইরাস এর মারাত্মক সংক্রমণ থেকে জনসাধারণকে রক্ষা করার উদ্দেশে এবং সামাজিক দূরত্ব নিশ্চিত করার স্বার্থে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কবরস্থানসমূহে কবর জিয়ারত, দোয়া, মোনাজাত ইত্যাদি সাময়িকভাবে বন্ধ রয়েছে।

## দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও মোবাইল কোর্ট পরিচালনা

- ❖ কালোবাজারি, মজুদদারী ও অহেতুক দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধ করার জন্য ২০টি মোবাইল কোর্ট পরিচালিত হচ্ছে।
- ❖ আতংকিত হয়ে অতিরিক্ত খাদ্যশস্য ক্রয় ও মজুদ না করার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা হচ্ছে।

## সরকারি বরাদ্দ প্রাপ্তি

- ❖ করোনা ভাইরাসের সংক্রমণ মোকাবেলা ও পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৩ কোটি টাকা বরাদ্দ।
- ❖ জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ) থেকে ৯ এপ্রিল তারিখে ১০০ মেট্রিক টন চাল এবং ১০ লক্ষ টাকা বরাদ্দ।
- ❖ জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ) থেকে ১০ এপ্রিল তারিখে ২০০ মেট্রিক টন চাল, ৮ লক্ষ টাকা এবং ১ লক্ষ টাকা শিশু খাদ্য বাবদ বরাদ্দ।
- ❖ জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ) থেকে ১৪ এপ্রিল তারিখে ১৭৫ মেট্রিক টন চাল, ৮ লক্ষ টাকা এবং ১ লক্ষ টাকা শিশু খাদ্য বাবদ বরাদ্দ।
- ❖ জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ) থেকে ১৭ এপ্রিল তারিখে ২০০ মেট্রিক টন চাল, ৮ লক্ষ টাকা এবং ১ লক্ষ টাকা শিশু খাদ্য বাবদ বরাদ্দ।
- ❖ জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ) থেকে ২০ এপ্রিল তারিখে ২০০ মেট্রিক টন চাল, ৮ লক্ষ টাকা এবং ১ লক্ষ টাকা শিশু খাদ্য বাবদ বরাদ্দ।
- ❖ জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ) থেকে ২৮ এপ্রিল তারিখে ২০০ মেট্রিক টন চাল, ৮ লক্ষ টাকা এবং ১ লক্ষ টাকা শিশু খাদ্য বাবদ বরাদ্দ।
- ❖ ২৪ এপ্রিল পর্যন্ত জেলা প্রশাসনের মাধ্যমে প্রাপ্ত ত্রাণঃ ১০৭৫ মেট্রিক টন চাল, ৫০ লক্ষ টাকা ও শিশু খাদ্যের জন্য ৬ লক্ষ টাকা।
- ❖ ২৪ এপ্রিল পর্যন্ত জেলা প্রশাসনের কাছ থেকে প্রাপ্ত ত্রাণ বিভিন্ন ওয়ার্ড কাউন্সিলর, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের কাছে উপবরাদ্দের পরিমানঃ ৬৭৫ মেট্রিক টন চাল, ৩৪ লক্ষ টাকা এবং শিশু খাদ্যের জন্য ৪ লক্ষ টাকা। এছাড়া ডিএনসিসি থেকে ৩ কোটি ৮০ লক্ষ ৮০ হাজার টাকা বরাদ্দ দেওয়া হয়।
- ❖ মানবাধিকার কমিশন থেকে হিজড়াদের জন্য ৪২৫ জনের জন্য ১প্যাকেট করে ত্রাণসামগ্রী বরাদ্দ দেওয়া হয়। প্রতিটি প্যাকেটে চাল ৫কেজি, আটা ২কেজি, আলু ২কেজি, পিয়াজ ১কেজি, মুশুর ডাল ১কেজি, চিনি ১কেজি, লবন ১/২কেজি, সয়াবিন তেল ১লিটার, মুড়ি ১ প্যাকেট ও সাবান ১টি থাকবে।

## করোনা ভাইরাস আক্রান্ত হয়ে মৃত ব্যক্তির দাফন ও সৎকার

- ❖ করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী ব্যক্তির দাফনের জন্য ডিএনসিসির আওতাধীন খিলগাঁও-তালতলা কবরস্থান নির্ধারণ।

- ❖ রায়েরবাজারে প্রায় ১ লাখ কবর দেয়ার ব্যবস্থা আছে। সেখানে কাজ করার জনবল প্রস্তুত রাখা হয়েছে।
- ❖ স্বাস্থ্য অধিদপ্তরকে ২টি অ্যাম্বুলেন্স হস্তান্তর করা হয়েছে।

## উন্মুক্ত ও খোলা স্থানে সাময়িকভাবে কাঁচাবাজার স্থানান্তর

- ❖ সামাজিক ও শারীরিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করতে ডিএনসিসির ১৬টি কাঁচাবাজার পার্শ্ববর্তী সুবিধাজনক মাঠ বা উন্মুক্ত জায়গায় স্থানান্তর করা হয়েছে।

## ডিএনসিসির সমস্যা ও সমাধানের সুপারিশ

### ১। জনবল সমস্যা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিদ্যমান পাঁচটি অঞ্চলের পাশাপাশি আরও পাঁচটি অঞ্চল বর্ধিত করা হয়েছে। কিন্তু সেখানে জোন পর্যায়ে কোনো কর্মকর্তা-কর্মচারীর পদ সৃষ্টি করা হয় নাই। পদ সৃষ্টির বিষয়টি সর্বশেষ অর্থ বিভাগের অনুমোদনের অপেক্ষায় ছিল। সম্প্রতি সিটি কর্পোরেশনের নির্বাচনের মাধ্যমে সেখানে কাউন্সিলর নির্বাচিত হয়েছেন। কিন্তু ওয়ার্ড সচিব কিংবা অন্য কোন কর্মচারীর পদ সৃষ্টি করা হয় নাই। এইসব কারণে নতুন সৃষ্ট অঞ্চলগুলোতে ত্রাণ বিতরণ, মশক নিধন, পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ যাবতীয় কার্যক্রমে সমস্যা সৃষ্টি হচ্ছে।

### সমাধানের সুপারিশ

করোনা ভাইরাসের সংক্রমণ মোকাবেলায় ত্রাণ বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে নতুন সৃষ্ট পাঁচটি অঞ্চলের প্রত্যেকটিতে পাঁচজন করে কর্মচারী বিভিন্ন মন্ত্রণালয় থেকে সংযুক্তি প্রদান করা যেতে পারে।

### ২। আসন্ন বর্ষা মৌসুমে ডেঙ্গুর আশঙ্কা

- ✓ বর্তমান করোনা পরিস্থিতিতে মেট্রোরেলসহ বিভিন্ন বড় নির্মাণ প্রকল্পের কাজ বন্ধ আছে, তাই সেখানে পর্যাপ্ত লোকবল নাই। এছাড়া বেসরকারী নির্মাণাধীন ভবনগুলোতে পানি জমে থাকছে।
- ✓ শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না।
- ✓ বর্তমান পরিস্থিতিতে বাড়ি-বাড়ি গিয়ে এডিস মশার প্রজননস্থল ধ্বংস করা বেশ দূরহ।
- ✓ শিক্ষাপ্রতিষ্ঠান ও দপ্তরসমূহ বন্ধ থাকার ফলে সেসব স্থাপনার ছাদ, ওয়াশরুম, কমোডে পানি জমে এডিস মশার প্রজনন স্থল হতে পারে।

### সমাধানের সুপারিশ

- ✓ নিজ-নিজ নির্মাণাধীন স্থাপনার জমা পানি অপসারণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নিজ-নিজ মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তরের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের জন্য বলা যেতে পারে।
- ✓ ইলেকট্রনিক, প্রিন্ট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে জনসচেতনতামূলক প্রচারণা চালানো যেতে পারে। এই বিষয়ে তথ্য মন্ত্রণালয় সকল সরকারি-বেসরকারি গণমাধ্যমে নির্দেশনা দিতে পারে।
- ✓ টেলিভিশন চ্যানেলের মাধ্যমে স্কুলের ক্লাস চালু আছে। ক্লাসের শুরু/শেষে ডেঙ্গু নিয়ে সচেতনতামূলক বক্তব্য প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে শিক্ষকদের নির্দেশনা দেওয়া যেতে পারে।
- ✓ করোনা ভাইরাস সম্পর্কে যেভাবে মোবাইল ফোনে কল করলে শুরুতেই একটি সচেতনতামূলক বার্তা শোনানো হয়, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের মাধ্যমে একইভাবে ডেঙ্গু রোগ সম্পর্কেও জনসচেতনতা তৈরি করা যাতে পারে।
- ✓ বন্ধ শিক্ষাপ্রতিষ্ঠান ও দপ্তরসমূহকে নিজ উদ্যোগে জমা পানি অপসারণের ব্যবস্থা গ্রহণ করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পত্র প্রেরণ করা যেতে পারে।
- ✓ ধর্ম মন্ত্রণালয়ের মাধ্যমে প্রতিটি মসজিদের মাইকে প্রতি ওয়াক্ত আজানের আগে/পরে ইমামগণ যাতে ডেঙ্গু নিয়ে জনচেতনতামূলক বার্তা শোনান সে নির্দেশনা দেওয়া যেতে পারে।

### ৩। ত্রাণ বিতরণে সামাজিক দূরত্ব বজায় রাখা

ট্রেডিং কর্পোরেশন বাংলাদেশ (টিসিবি) কর্তৃক ওএমএস এর পণ্য বিতরণকালে ত্রাণ গ্রহণকারীগণের সামাজিক/শারীরিক দূরত্ব বজায় না থাকার আশংকা থাকে। এ ক্ষেত্রে আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা প্রয়োজন।

### ৪। কাঁচাবাজারসমূহে সামাজিক দূরত্ব বজায় রাখা

ডিএনসিসির কাঁচাবাজারসমূহে সামাজিক/শারীরিক দূরত্ব বজায় নিশ্চিত করার জন্য সার্বক্ষণিক আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা প্রয়োজন।

### ৫। পরিচ্ছন্নতাকর্মী সংক্রান্ত

ডিএনসিসির পরিচ্ছন্নতাকর্মীগণ মূলত গাবতলী, সায়েদাবাদ, কড়াইলের ঘনবসতিপূর্ণ/বস্তি এলাকায় বসবাস করেন। ফলে তাঁদের করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকি অনেকের চেয়ে বেশি। তাঁদের মধ্যে কেউ অনাকাঙ্ক্ষিতভাবে করোনা ভাইরাসে আক্রান্ত হলে পরিচ্ছন্নতা কার্যক্রম চ্যালেঞ্জের মধ্যে পড়বে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে বেসরকারী পরিচ্ছন্নতাকর্মী নিয়োগ করা একটি সমাধান হতে পারে। এছাড়া আমিনবাজার ল্যান্ডফিলে যেসকল এক্সকেভেটার বা অন্যান্য গাড়িচালক কাজ করেন, তাঁদের কেউ অনাকাঙ্ক্ষিতভাবে করোনা ভাইরাসে আক্রান্ত হলে সরকারের অন্যান্য দপ্তরের গাড়িচালকদের দিয়ে কাজ করানো যেতে পারে।

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
**DHAKA SOUTH CITY CORPORATION**

নগর ভবন, ঢাকা।

ফোন ঃ ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৭১৮৪, ৯৫৫৭১৮৬-৮৯, ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৮৩৫৭-৬০

E-mail: info@dscc.gov.bd www.dscc.gov.bd



মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


কোভিড-১৯ পরিস্থিতি নিয়ে প্রাত্যহিত প্রতিবেদন ঃ

সিটি কর্পোরেশনের নাম ঃ **ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন** জেলা ঃ ঢাকা।

তারিখ ঃ ২৮ এপ্রিল ২০২০।

১। কোভিড-১৯ পরিস্থিতি

| ক্রমিক নম্বর | | পূর্বদিন পর্যন্ত সংখ্যা | বর্তমান তারিখে সংখ্যা | মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | আক্রান্ত | - | - | - | - |
| ২. | বাড়িতে কোয়ারেন্টাইন | ৭৮৯ | ০ | ৭৮৯ | অধিকাংশ বিদেশ ফেরত ব্যক্তিদের কোয়ারেন্টাইনের মেয়াদ শেষ হয়েছে এবং লক ডাউনের কারণে সকলে বাসায় অবস্থান করছেন। |
| ৩. | প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন | - | - | - | - |
| ৪. | আইসোলেসন | ৬৫ | ০৩ (তন্মধ্যে ০২ জন কোভিড পজিটিভ) | (৬৮-২)=৬৬ | বর্তমানে ৬৬ জন কোভিড পজিটিভ এবং ০২ জনকে ছাড়পত্র প্রদান করা হয়েছে। |
| ৫. | কোয়ারেন্টাইন/আইসোলেসন থেকে ছাড়প্রাপ্ত | ৪১ | - | (৪১+২)=৪৩ | - |
| ৬. | আরোগ্যলাভকারী | - | - | - | - |
| ৭. | মৃত্যুবরণকারী | - | - | - | - |
| ৮. | ১ মার্চ ২০২০ থেকে বিদেশ প্রত্যাগত | ১২৪০ | - | ১২৪০ | - |
| ৯. | ঠিকানা ও অবস্থান চিহ্নিত বিদেশ প্রত্যাগত ব্যক্তি | ৭৮৯ | ০ | ৭৮৯ | - |

২। কোভিড-১৯ চিকিৎসায় জেলার প্রস্তুতি

| ক্রমিক নং | চিকিৎসা কেন্দ্র | সংখ্যা | মোট বেড | কোভিড-১৯ চিকিৎসায় প্রস্তুতকৃত বেড | ডাক্তার সংখ্যা | নার্সের সংখ্যা | ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই) | | জরুরী ঔষধ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | মজুদ | বিতরণ | মজুদ | বিতরণ | |
| ১. | সরকারি | ১ | ১৫০ | ১০০ | ৩৪ | ৪২ | ২,৩৪৯ | ১,২১৬ | ০১ মাসের | চলমান | - |
| ২. | বেসরকারি | - | - | - | - | - | - | - | - | - | - |

অপর পৃষ্ঠায়

# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
**DHAKA SOUTH CITY CORPORATION**

নগর ভবন, ঢাকা।

ফোন ঃ ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৭১৮৪, ৯৫৫৭১৮৬-৮৯, ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৮৩৫৭-৬০

E-mail: info@dscc.gov.bd www.dscc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি



৩। কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির জরুরী চিকিৎসার স্থানান্তরের নিমিত্ত পৃথক এ্যাম্বুলেন্সের সংখ্যা ঃ ২ টি

৪। চিকিৎসা কেন্দ্রের জরুরী বিভাগে আইসোলেসন ব্যবস্থা ঃ ৫০ টি

৫। জেলার সরকারি সহায়তা পরিস্থিতি ঃ

| | ডিএসসিসি কর্তৃক বিতরণ | | কাউন্সিলর কর্তৃক ব্যক্তিগত উদ্যোগে বিতরণ | | সরকারী/জেলা প্রশাসন হতে প্রাপ্ত বরাদ্দ বিতরণ | | অন্যদের উদ্যোগে ত্রাণ বিতরণ | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পরিবারের সংখ্যা | পরিমাণ | পরিবারের সংখ্যা | পরিমাণ | পরিবারের সংখ্যা | পরিমাণ | পরিবারের সংখ্যা | পরিমাণ | - |
| আজকের মোট | ২৬৩ | ৫,২৬০ কেজি | ১,৯০০ | ২৫,৬০০ কেজি | ৩,৯৬৮ | ৪১,৪৭৯ কেজি | ১,৭৪০ | ২৩,৬০০ কেজি | - |
| গতকাল পর্যন্ত মোট | ৪৮,৬১৪ | ৯,৭২,২৮০ | ১,১০,১০৯ | ১২,৫০,০৯১ কজি | ৮৭,০৫৫ | ৬,৭৯,৬৬৯ কেজি | ৪৫,৪৬২ | ৪,১৯,৬৬৬ কেজি | - |
| সর্বমোট= | ৪৮,৮৭৭ | ৯,৭৭,৫৪০ কেজি | ১,১২,০০৯ | ১২,৭৫,৬৯১ কেজি | ৯১,০২৩ | ৭,২১,১৪৮ কেজি | ৪৭,২০২ | ৪,৪৩,২৬৬ কেজি | - |

৬। পিপিই ও মাস্ক মজুদ ও বিতরণ সংক্রান্ত তথ্যাদি ঃ

| ক্রমিক নং | জেলার নাম | ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই) | | মাস্ক | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | মজুদ | বিতরণ | মজুদ | বিতরণ | |
| ১. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ২,৩৪৯ | ১,২১৬ | ৪,৪১০ টি | ৪৫,২৯০ টি | পিপিই এবং মাস্ক (স্বাস্থ্য অধিদপ্তর, ডিএসসিসি এবং অন্যান্য সংস্থা হতে স্থানীয়ভাবে সংগৃহীত)। |
| | মোট | ২,৩৪৯ | ১,২১৬ | ৪,৪১০ টি | ৪৫,২৯০ টি | |

28.04.2020

**ডাঃ মীর মুস্তাফিজুর রহমান**
স্বাস্থ্য কর্মকর্তা ও ফোকাল পার্সন
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

## খুলনা সিটি কর্পোরেশন

### স্বাস্থ্য বিভাগ।

<u>খুলনা সিটি কর্পোরেশন করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ ও মোকাবেলায় চলমান কার্যক্রমের প্রতিবেদন।</u>

তারিখ ঃ ২৮/০৪/২০২০ খ্রিঃ

# করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ ও মোকাবেলায় কেসিসির জনস্বাস্থ্য বিভাগে স্বাস্থ্য সেবায় নিয়োজিত ডাক্তার, নার্স ও স্বাস্থ্য কর্মীদের মাস্ক, হ্যান্ড গ্লাভস ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ কার্যত্রম চলমান।

# ক্যাবেল টিভির মাধ্যমে করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ বিষয়ক প্রচার কার্যক্রম চলমান রয়েছে।

# করোনা ভাইরাস সর্ম্পকে জনগনকে সচেতন করার লক্ষ্যে ফিক্সড মাইকিং চলমান রয়েছে।

# মাননীয় মেয়র মহোদয় কর্তৃককরোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ ও মোকাবেলায় কেসিসির জনস্বাস্থ্য বিভাগ, এবং স্বাস্থ্য সেবায় সংশ্লিষ্ট এনজিও সমুহে পিপিআই বিতরণ চলমান।

# করোনা ভাইরাস সর্ম্পকে জনগনকে সচেতন করার লক্ষ্যে প্রতিদিন মোবাইল মাইকিং কার্যক্রম অব্যহত রয়েছে।

# করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ ও মোকাবেলায় কেসিসির ৭ টি কবরখানা ও ৩টি শ্মশানঘাটে কর্মরত রেজিষ্টার ও কেয়ারটেকারদের মাঝে স্বাস্থ্য কর্মীদের মাস্ক, হ্যান্ড গ্লাভস, হ্যান্ড স্যানিটাইজার বিতরণ চলমান।

# করোনা ভাইরাস সর্ম্পকে জনগনকে সচেতন করার লক্ষ্যে খুলনা মহানগরী এলাকায় বাড়ী বাড়ী লিফলেটবিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

# খুলনা সিটি কর্পোরেশনের প্রতিটি দপ্তর নগর স্বাস্থ্য কেন্দ্র সমুহের প্রবেশের মুখে সাবান ও পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে।

# করোনা ভাইরাস সর্ম্পকে জনগনকে সচেতন করার লক্ষ্যে সম্মানিত কাউন্সিলরবৃন্দর মাধ্যমে ওয়ার্ডের সমগ্র এলাকায় মাইকিং অব্যহত রয়েছে।

# করোনা ভাইরাসজনিত উদ্ভূত পরিস্থিতিতে উচ্চ ঝুঁকি এড়াতে হোম কোয়ারেন্টইনে থাকার জন্য খুলনা মহানগরী এলাকায় অবস্থিত সকল মসজিদের ইমামগনের মাধ্যমে প্রচার কার্যক্রম অব্যহত রয়েছে।

২৮/০৪/২০২০
রনজীৎ বিশ্বাস
উচ্চমান সহকারী
স্বাস্থ্য বিভাগ
খুলনা সিটি কর্পোরেশন।

২৮/০৪/২০২০
ডাঃ শরীফ শামীউল ইসলাম
সহকারী স্বাস্থ্য কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২৮/০৪/২০২০
ডাঃ স্বপন কুমার হালদার
স্বাস্থ্য কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

২৮/০৪/২০২০
ডাঃ এ,কে,এম, আব্দুল্লাহ
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
খুলনা।

# ময়মনসিংহ সিটি কর্পোরেশন

স্থাপিতঃ ২০১৮ খ্রিঃ
(স্বাস্থ্য বিভাগ)
ময়মনসিংহ।
www.mcc.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখ : ১৫ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
২৮এপ্রিল ২০২০ খ্রিঃ

স্মারক নংঃ- মসিক/স্বাস্থ্য/২০২০-১০৯৫

বিষয় ঃ করোনা ভাইরাসের সংক্রমন রোধে ময়মনসিংহ সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত কার্যক্রম প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.২৩.০০২.১৯.৪৮০, তারিখ-২১ এপ্রিল ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় করোনাভাইরাসের সংক্রমন রোধে গৃহীত কার্যক্রমসমূহ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

১. অত্র সিটি কর্পোরেশন এলাকার ৩১৪ (তিনশত বিশ) টি গুরুত্বপূর্ণ স্থানে জনগণের হাত ধোয়ার জন্য প্রয়োজনীয় লিকুইড/হাতধোয়া সাবান এবং হাত জীবানুমুক্ত করার জন্য স্যানিটাইজার রাখা নিশ্চিত করা হয়েছে এবং ময়মনসিংহ সিটি কর্পোরেশনে UNDP এর অর্থায়নে চলমান LIUPC প্রকল্পের মাধ্যমে বস্তি এলাকায় ৯৪ (চুরানব্বই) টি গুরুত্বপূর্ণ স্থানে জনগণের হাত ধোয়ার জন্য প্রয়োজনীয় হাতধোয়া সাবান রাখা নিশ্চিত করা হয়েছে। উল্লেখ ৯৪৩৪৮ পিস সাবান বিতরন করা হয়েছে।
২. প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ৪৭৫৫টি পরিবারকে ১৫০০/-(পনেরশত) টাকা করে অর্থ সহায়তা প্রদান করা হয়েছে।
৩. বাজার এলাকা, বিভিন্ন বাস ও ট্রাক স্টেশন, রেলস্টেশন, বাণিজ্যিক এলাকা, হাসপাতাল সমূহ, অফিস আদালতের প্রাঙ্গণ, সরকারী-বেসরকারী ভবনসমূহ, গুরুত্বপূর্ণ প্রধান প্রধান সড়ক, সড়কের মোড়সমূহ ও অন্যান্য স্থানে করোনাভাইরাসের জীবানু প্রতিরোধে ৮৫টি হ্যান্ডস-স্প্রে এবং ০৪টি বড় গাড়িতে করে পানির সাথে ব্লিচিং পাউডার মিশিয়ে ছিটানোর কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য উক্ত কাজে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে সম্পৃক্ত করা হয়েছে।
৪. মাইকিং, ব্যানার, সামাজিক যোগাযোগ মাধ্যম এবং স্থানীয় ক্যাবল টিভি মাধ্যম ব্যবহার করে জনসচেতনতার লক্ষে প্রচারনা কার্যক্রম চলমান আছে।
৫. ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নিয়োজিত স্বাস্থ্য কর্মী, স্বেচ্ছাসেবী, পরিচ্ছন্নকর্মী , করোনা ভাইরাস সেবায় নিয়োজিত চিকিৎসক, স্বাস্থ্য কর্মীদের ও বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানে( মেডিকেল কলেজ, সিভিল সার্জন অফিসসহ) নিরাপত্তার জন্য ময়মনসিংহ সিটি কর্পোরেশনের পক্ষ থেকে পিপিই, হ্যান্ড স্যানিটাইজার, হ্যান্ড গ্লাভস, মাস্ক এবং এপ্রোন প্রদান করা হয়েছে।
৬. ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের ডাক্তারদের যাতায়াতের জন্য ২ টি গাড়ীর ব্যবস্থা করা হয়েছে।
৭. নাগরিকদের ঘরে থাকা নিশ্চিতকরণে প্রয়োজনীয় জরুরী ব্যবস্থা গ্রহণ।
৮. সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্থানীয় সর্ববৃহৎ কাঁচাবাজারসহ অন্যান্য কাঁচাবাজার ব্রাহ্মপুত্র নদীরপাড়ে স্থানান্তর করা হয়েছে।
৯. নাগরিকদের নিরাপত্তার জন্য ২২২০০ টি মাস্ক এবং ১০৪৫০ সেট গ্লাভস ও ১০০ মি.লি. ১২৯০০ বোতল হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, অন্যান্য বিভিন্ন সংস্থা কর্তৃক মাস্ক বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।
১০. ওয়ার্ড পর্যায়ে করোনাভাইরাসের সংক্রমন রোধে কাউন্সিলদের অনুকূলে ৬৪০০ বোতল হ্যান্ড স্যানিটাইজার এবং প্রয়োজন অনুযায়ী ব্লিচিং পাউডার সরবরাহ করা হয়েছে এবং সে অনুযায়ী তারা কার্যক্রম গ্রহণ করেছে।
১১. সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য নিত্য প্রয়োজনীয় প্রতিষ্ঠান ও ওষুধের দোকানের সামনে নিরাপদ দূরত্বে গোল চিহ্নিত মার্কিং করা হয়েছে।
১২. বিদেশ ফেরৎ ব্যাক্তিদেরকে হোম কোয়ারেন্টাইনে থাকা এবং তার পরিবারের সদস্যবৃন্দকে জনসম্মুখে না আসার জন্য ওয়ার্ড ভিত্তিক কাউন্সিলরগণের নেতৃত্বে প্রচারনা চালানো হচ্ছে এবং সাথে সাথে আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে।
১৩. করোনাভাইরাস প্রতিরোধে স্থাপিত কন্ট্রোলরুম চলমান রয়েছে।(কন্ট্রোলরুমের নাম্বার-০১৬২৪৭৬২৫০১, ০১৭১২২৮৮৪০১, ০১৭১২২৮৭৯৪২)
১৪. সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত স্বাস্থ্যকেন্দ্র/হাসপাতালসমূহকে জরুরী প্রয়োজনে প্রস্তুত রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়েছে।
১৫. করোনাভাইরাস প্রতিরোধে সর্বশেষ সরকারী বার্তাসমূহ ওয়ার্ডভিত্তিক মাইকিং এর মাধ্যমে প্রচার কাজ চলছে।
১৬. করোনাভাইরাসের সংক্রমন রোধে সকল সংস্থার সাথে সমন্বয় করে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
১৭. করোনাভাইরাসের সংক্রমন রোধে অতিদরিদ্র নাগরিকদের সরকারীভাবে বরাদ্দকৃত খাদ্যশস্য ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৩৩ টি ওয়ার্ডে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলদের মাধ্যমে মসজিদ কমিটির সভাপতি, মসজিদের ইমাম, গন্যমান্য ব্যক্তি, সেচ্ছাসেবকসহ অন্যান্যদের সহায়তায় বাড়ি বাড়ি গিয়ে সরবরাহ নিশ্চিত করা হয়েছে এবং বিতরণ কার্যক্রম চলমান আছে।
১৮. ব্যবহৃত মাস্ক ও হ্যান্ড গ্লাভস সমূহ ডাম্পিং সাইডে আগুন দিয়ে পুড়িয়ে ফেলার ব্যবস্থা করা হয়েছে।
১৯. ৩৩ টি ওয়ার্ডে মশা নিধনে মশার প্রজননস্থল ধ্বংসের লক্ষ্যে প্রজননস্থলে স্প্রে মেশিনের মাধ্যমে লার্ভিসাইড কার্যক্রম অব্যাহত রয়েছে।
২০. ৩৩ টি ওয়ার্ডে উড়ন্ত মশা ধ্বংসের জন্য ফগার মেশিনের মাধ্যমে এডাল্টিসাইড কার্যক্রম চলছে।
২১. সিটি কর্পোরেশনের বিশেষ গুরুত্বপূর্ন এলাকার জন্য ৩ টি ফগার মেশিন দিয়ে এডাল্টিসাইড কার্যক্রম চলছে।
২২. ওয়ার্ড কাউন্সিলরগণের নেতৃত্বে প্রতিটি ওয়ার্ডের ড্রেন, জলাশয়, খাল, কচুরীপানা, নালা নর্দমা, মজাপুকুর পরিস্কারকরণ কাজ চলমান রয়েছে।
২৩. নিজ আঙ্গিনা ও ঘর বাড়ী পরিস্কার রাখার জন্য হোল্ডিং মালিকগন/ প্রতিষ্ঠানকে পত্র প্রেরণ করা হয়েছে।
২৪. করোনা ভাইরাসে আক্রান্ত মৃত ব্যক্তিদের সকল প্রকার দাফন-কাফনের /সৎকারের ব্যবস্থা গ্রহণকরে সিটি কর্পোরেশনের কবরস্থানে/শ্মশানে সমাহিত করা হচ্ছে।
২৫. সিটি কর্পোরেশনের পক্ষ থেকে করোনা ভাইরাসের নমুনা সংগ্রহের জন্য স্বাস্থ্য বিভাগকে সহযোগীতা প্রদান করা হচ্ছে।
২৬. সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলদের তদারকিতে OMS কার্যক্রম চলমান রয়েছে।


(মোহাম্মদ আনোয়ার হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৭৪৪৬(অফিস)
E-mail : ceo.mcc2018@gmail.com


সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ
উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ
(সিটি কর্পোরেশন-১শাখা)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। সিভিল সার্জন, ময়মনসিংহ।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৫। পিএস্টু বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য

# ময়মনসিংহ সিটি কর্পোরেশন

স্থাপিতঃ ২০১৮ খ্রিঃ
(স্বাস্থ্য বিভাগ)
ময়মনসিংহ।
www.mcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নংঃ- মসিক/স্বাস্থ্য/২০২০-১০৯৭

তারিখ : ১৫ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২০ খ্রিঃ

বিষয় ঃ সিটি কর্পোরেশন এলাকায় করোনাভাইরাসের সংক্রমন রোধে সিটি কর্পোরেশনসমূহের উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন-১শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৪.২০.৩৭৬, তারিখ-১৯ মার্চ ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় করোনাভাইরাসের সংক্রমন রোধে দরিদ্র, অসহায় ও প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে খাদ্য সামগ্রী বিতরণের তথ্যাদি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

১. করোনাভাইরাসের সংক্রমন রোধে চলমান কার্যক্রমে যাতে অতিদরিদ্র নাগরিকদের কোন অসুবিধা না হয় সে জন্য সরকার কর্তৃক ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৩৩ টি ওয়ার্ডে জন্য বরাদ্দকৃত ৭২+১৫৫=২২৭ মে.টন চাল জন প্রতি পাঁচ কেজি করে চাউল ও এর সাথে আলু মোট ৪৫৪০০ জনকে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলদের মাধ্যমে বাড়ি বাড়ি গিয়ে সরবরাহ নিশ্চিত করা হয়েছে। বিতরণের সময় মসজিদ কমিটির সভাপতি, মসজিদের ইমাম, গন্যমান্য ব্যক্তি, সেচ্ছাসেবকসহ অন্যান্যদের সহায়তা নেওয়া হয়েছে।

২. গত ১৮/০৪/২০২০ খ্রিঃ, ২১/০৪/২০২০ খ্রিঃ ও ২১/০৪/২০২০ খ্রিঃ তারিখে ৮০+৮০+৮০=২৪০ মেঃ টন জি আর চাউল বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ কৃত চাউল ৪৮,০০০ জনের মধ্যে বিতরণের কার্যক্রম চলমান।

৩. ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৩৩ টি ওয়ার্ডের ৪৪ জন কাউন্সিলর সমন্বিতভাবে নিজস্ব উদ্যোগে ২৪/০৪/২০২০খ্রি: তারিখে ৭৫০ জনের মধ্যে খাদ্য সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে বিতরণ নিশ্চিত করেছেন। এ নিয়ে মোট ৩১০১০ জনের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

৪. ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল হতে ২৪/০৪/২০২০ খ্রিঃ তারিখে ১০০ জনের মাঝে খাদ্য সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে বিতরণ নিশ্চিত করা হয়েছে। এ নিয়ে মোট ৬৬৬০ জনের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

৫. মেয়র মহোদয়ের ব্যক্তিগত উদ্যোগে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ৩৩ টি ওয়ার্ডে ২৬/০৪/২০২০ খ্রিঃ তারিখে ৭৫০ জনের মাঝে খাদ্য সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে বিতরণ নিশ্চিত করেছেন। এ নিয়ে মোট ২৪১০০ জনের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। ৫০,০০০টি হত-দরিদ্র পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরনের লক্ষ্য মাত্রা রয়েছে।

৬. করোনাভাইরাসের সংক্রমন রোধে সকল সংস্থার সাথে সমন্বয় করে খাদ্য সামগ্রী বাড়ি বাড়ি গিয়ে বিতরণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

২৮.০৪.২০২০

(মোহাম্মদ আনোয়ার হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৭৪৪৬(অফিস)
E-mail : ceo.mcc2018@gmail.com

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ
উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ
(সিটি কর্পোরেশন-১শাখা)।

২৮-০৪-২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। সিভিল সার্জন, ময়মনসিংহ।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৫। পিএসটু বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

# রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

বিষয় ঃ রাজশাহী সিটি কর্পোরেশনের করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবেলা কমিটি কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহের রিপোর্ট।

সূত্র ঃ ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০৪.২০.৩৭৬ তারিখ ঃ ১৯ মার্চ, ২০২০।

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে রাজশাহী মহানগরী এলাকায় করোনা ভাইরাস প্রতিরোধে রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নে প্রদত্ত হলো ঃ

**○ কোয়ারেন্টাইন প্রতিবেদন ঃ** তারিখ ঃ ২৮-০৪-২০২০খ্রিঃ

| তারিখ | কোয়ারেন্টাইন শুরু | অবমুক্তির সংখ্যা | অবমুক্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৮-৪-২০২০ | ২ জন | ২ জন | ২২-৪-২০ তারিখে অবমুক্ত। | |
| ৯-৪-২০২০ | ৪ জন | ৪ জন | ২৩-৪-২০ তারিখে অবমুক্ত। | |
| ১০-৪-২০২০ | ৭ জন | ৭ জন | ২৪-৪-২০ তারিখে অবমুক্ত। | |
| ১১-৪-২০২০ | ৮ জন | ৮ জন | ২৫-৪-২০ তারিখে অবমুক্ত। | |
| ১২-৪-২০২০ | ১ জন | ১ জন | ২৬-৪-২০ তারিখে অবমুক্ত। | |
| ১৩-৪-২০২০ | ১৪ জন | ১৪ জন | ২৭-৪-২০ তারিখে অবমুক্ত। | |
| ১৪-৪-২০২০ | ১১ জন | ১১ জন | ২৮-৪-২০ তারিখে অবমুক্ত। | |
| ১৫-৪-২০২০ | ৯ জন | ০ জন | ২৯-৪-২০ | |
| ১৬-৪-২০২০ | ৬ জন | ০ জন | ৩০-৪-২০ | |
| ১৭-৪-২০২০ | ২ জন | ০ জন | ০১-৫-২০ | |
| ১৮-৪-২০২০ | ২ জন | ০ জন | ০২-৫-২০ | |
| ১৯-৪-২০২০ | ৫ জন | ০ জন | ০৩-৫-২০ | |
| ২০-৪-২০২০ | ১ জন | ০ জন | ০৪-৫-২০ | |
| ২১-৪-২০২০ | ৫ জন | ০ জন | ০৫-৫-২০ | |
| ২২-৪-২০২০ | ৪ জন | ০ জন | ০৬-৫-২০ | |
| ২৩-৪-২০২০ | ২ জন | ০ জন | ০৭-৫-২০ | |
| ২৪-৪-২০২০ | ১ জন | ০ জন | ০৮-৫-২০ | |
| ২৫-৪-২০২০ | ৩ জন | ০ জন | ০৯-৫-২০ | |
| ২৬-৪-২০২০ | ০ জন | ০ জন | ১০-৫-২০ | |
| ২৭-৪-২০২০ | ১ জন | ০ জন | ১১-৫-২০ | |
| ২৮-৪-২০২০ | ০ জন | ০ জন | ১২-৫-২০ | |
| | মোট= ৮৮ জন | মোট= ৪৭ জন | | |

**○ কেন্দ্রীয় কন্ট্রোল রুম** ঃ নগর ভবনস্থ প্রধান স্বাস্থ্য কর্মকর্তার দপ্তরে খোলা হয়েছে। খোলা থাকবে সকাল ৮ টা থেকে রাত ৮টা পর্যন্ত। প্রধান স্বাস্থ্য কর্মকর্তার দপ্তর ঃ টেলিফোন- ০২৪৭-৮১২০৩৯, মোবাইল - ০১৭১৩-০৯৮৮৭২ ভেটেরিনারি সার্জন- ০১৭৫৯-৮২১৮০০, মেডিক্যাল অফিসার - ০১৭৪৫৪৫৯৪০৮,০১৭৫৫১৭৭৩৮৬ ফুড এন্ড স্যানিটেশন অফিসার - ০১৭৭৪-৯৯০০০১, স্যানিটারী পরিদর্শক - ০১৭১৩-৭২৫৯৬৯, ০১৯১৭৫৫৫৯৯৬, উচ্চমান সহকারী- ০১৭১৩-০৯৮৮৯১, কম্পিউটার অপারেটর- ০১৯১১-০৬৭৮৯১।

**○ ওয়ার্ড পর্যায়ে কমিটি গঠন** ঃ ৩০টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে গঠিত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। কোয়ারেন্টাইন সংক্রান্ত তথ্যাবলি সংগ্রহে স্বাস্থ্যকর্মীদের সহায়তা নেয়া হচ্ছে।

**○ হাত পরিষ্কার করণ ব্যবস্থাপনা** ঃ মহানগরীর গুরুত্বপূর্ণ পয়েন্টে স্যানিটাইজারের মাধ্যমে হাত পরিস্কারকরণ ব্যবস্থা চলমান রয়েছে। স্বাস্থ্যকর্মীগণ এ কাজে সার্বক্ষণিক নিয়োজিত আছেন।

**○ হ্যান্ড স্প্রে মেশিন** ঃ পরিচ্ছন্ন কর্মীদের জন্য নিরাপদ পোশাক, মাস্ক, গ্লাভস এবং ১৫০টি হ্যান্ড স্প্রে মেশিন ক্রয় করে বাজার, হাসপাতাল, মার্কেট, গণপরিবহনসহ বিভিন্ন জনসমাগম স্থান সমূহে স্প্রে করে স্থান পরিষ্কারের ব্যবস্থা নেয়া হয়েছে। এ লক্ষ্যে রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক ফিনাইল ৫০০০ লি., ব্লিচিং পাউডার ৫০০০ কেজি, চুন ৫০০০ কেজি, হ্যান্ড স্যানিটাইজার ৩৫০ লি., মাস্ক ২০,০০০ পিস সংগ্রহ/ব্যবহার/বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

**○ সচেতনতা বিষয়ক** ঃ নগরীর প্রতিটি এলাকায় মাইকিং, লিফলেট বিতরণ, কেবল নেটওয়ার্কে ও ডিজিটাল ডিসপ্লেবোর্ডে এবং ডিসলাইনের মাধ্যমে প্রচার কার্যক্রম চলমান রয়েছে।

**○ কোয়ারেন্টাইন স্থান** ঃ রাজশাহী সিটি হাসপাতালকে জরুরি প্রয়োজনে কোয়ারেন্টাইন স্থান হিসেবে প্রস্তুত রাখা হয়েছে। তদসংঙ্গে রাজশাহী মহানগরীর ৩০টি ওয়ার্ডে ৩০টি স্কুল প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন জন্য প্রস্তুত রাখা হয়েছে। এছাড়াও সংক্রামক রোগ নিয়ন্ত্রণ হাসপাতাল, কুষ্ঠ নিয়ন্ত্রণ কেন্দ্র, সিডিএম হাসপাতাল, ক্যান্সার সেলটার, মহিলা ক্রীড়া সংস্থাকে কোয়ারেন্টাইনের স্থান হিসেবে প্রস্তুত রাখা হয়েছে।

**○ খাদ্য সহায়তা** ঃ এযাবৎ ৫১৪.৮৫ টন চাল সরকারি বরাদ্দ ও নগদ (১+৭.২০) = ৮.২০ লক্ষ টাকা ত্রাণ সহায়তা পাওয়া গেছে। শিশু খাদ্য সহায়তা হিসেবে ৩ লক্ষ টাকা ও ২৫ কার্টুন গুড়ো দুধ বিতরণ চলমান রয়েছে। এছাড়াও মাননীয় মেয়র মহোদয়ের নিজস্ব উদ্যোগে ত্রাণ তৎপরতা গৃহীত হয়েছে। এযাবৎ মোট ২৮০.২৩১ টন চাল, ২৮.৯০১ টন ডাল এবং ৪৮.৯৪৪ টন আলু বিতরণ করা হয়েছে। ও এম এস চালু করার জন্য তালিকা প্রস্তুতি চলছে।

**○ চিকিৎসা তৎপরতা** ঃ COVID-19 এর প্যাথলোজিক্যাল টেস্ট রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে এ যাবৎ ১৫৭৬ (১৩৩৬+৭৬+৭০+৯৪) জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। এর মধ্যে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় কোন কোভিড-১৯ রোগী পাওয়া যায় নি।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

২৮/৪/২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন

জনাব অমিতাভ সরকার
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ)
স্থানীয় সরকার বিভাগ ও ফোকাল পয়েন্ট

# সিলেট সিটি কর্পোরেশন
নগর ভবন, সিলেট।
www. scc.gov.bd

মুজিববর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং-৪৬.০৭.০০০০.০২৫.৩৫.০০৩.২০- ৮৭৪ তারিখঃ ২৮/০৪/২০২০ খ্রিস্টাব্দ

করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত কার্য্যক্রম ঃ

তারিখ ঃ ২৭-০৪-২০২০খ্রিঃ

| ক্রমিক নং | সম্পাদিত কার্য্যক্রম | ওয়ার্ড নং | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২টি জেট স্যাকার গাড়ী এবং পানির টেংকি ও মটরপাম্পসহ স্প্রেগান সংযুক্তির মাধ্যমে ৩টি পিকআপ ভ্যানের দ্বারা নগরীতে জীবানুনাশক (ডিজইনফেক্টেড) স্প্রে করা হচ্ছে । | ১৪, ১৫, ১৯,২২, | চলমান |
| ২ | নগরীর জনগুরুত্বপুর্ন স্থান সমুহে কাচাঁবাজর এবং জনসমাগম জমায়েত হয় এমন স্থান সমুহে তরলকৃত ব্লিচিং পাউডার প্রয়োগ করা হচ্ছে । | --- | চলমান |
| ৩ | নগরীর বিভিন্ন স্থানে হাত ধোঁয়ার জন্য ড্রাম বেসিন স্থাপন করা হয়েছে এবং প্রয়োজনীয় পানি ও সাবানের ব্যবস্থা নিশ্চিত করা হচ্ছে। | --- | চলমান |
| ৪ | নগরীতে জনাসাধারনকে সচেতন করার লক্ষ্যে করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ বিষয়ক বার্তা ৫টি সি এন জি দ্বারা মাইকিং এর মাধ্যমে প্রচার করা হচ্ছে । | ২৭টি ওয়ার্ডে | চলমান |
| ৫ | জনগণকে ঘরে থাকাতে উদ্ধুদ্ধ করতে প্রয়োজনীয় কার্য্যক্রম পরিচালনা করা হচ্ছে। | | চলমান |
| ৬ | করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে ফুটপাতে মাছ, সবজি, ফলমূল বিক্রি না করার জন্য এবং নগরীর পাড়া মহল্লায় ভ্যান গাড়ির মাধ্যমে সামাজিক দূরত্ব বজায় রেখে সরকার নির্ধারিত সময়ের মধ্যে ব্যবসা করার জন্য বিশেষ মাইকিং করা হচ্ছে। | ২৭টি ওয়ার্ডে | চলমান |
| ৭ | আসন্ন পবিত্র রমজান মাসে মুসল্লীগন তারাবির নামাজের জন্য মসজিদে না যেয়ে যাতে নিজ নিজ বাসায় তারাবির নামাজ সহ বাকি নামাজ ও ইবাদত বন্দেগি পালন করেন সেই জন্য বিশেষ মাইকিং করা হচ্ছে। | ২৭টি ওয়ার্ডে | চলমান |

28.04.2020

(ডাঃ মোঃ জাহিদুল ইসলাম)
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
সিলেট সিটি কর্পোরেশন